**বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়**
Bangladesh Medical University
শাহবাগ, ঢাকা, বাংলাদেশ

# বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণের জন্য চিকিৎসা সেবা নীতিমালা- ২০২১

# ২৪/৬/২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত সিন্ডিকেটের ৮২তম সভার কার্যবিবরণী

২৪/৬/২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল কনভেনশন সেন্টারে মাননীয় ভাইস-চ্যান্সেলর **অধ্যাপক ডা. মো: শারফুদ্দিন আহমেদ** এর সভাপতিত্বে সিন্ডিকেটের ৮২তম সভা অনুষ্ঠিত হয়েছে।

## সিন্ডি.৮২.১. আলোচ্যসূচী

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর প্রারম্ভিক বক্তব্য।

### আলোচনা

সভার শুরুতে **মাননীয় ভাইস চ্যান্সেলর** সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৮২তম সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।

**সভায় উপস্থিত সদস্যগণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

| | |
|---|---|
| ১. | **অধ্যাপক ডা. আ. ফ. ম রুহুল হক,** মাননীয় সংসদ সদস্য, (১০৭, সাতক্ষীরা- ৩), ভবন নং-০৩, ফ্ল্যাট নং-৩০১, সংসদ সদস্য ভবন (ন্যাম ভবন), নাখাল পাড়া, তেজগাঁও, ঢাকা। |
| ২. | **ডা. মো: রুস্তম আলী ফরাজী**, মাননীয় সংসদ সদস্য, (১২৯ পিরোজপুর-৩, ভবন নং-০৫, ফ্ল্যাট নং-৪০২, সংসদ সদস্য ভবন (ন্যাম ভবন), মানিকমিয়া এভিনিউ, শেরে বাংলানগর, ঢাকা। |
| ৩. | অধ্যাপক মো: আব্দুল আজিজ, মাননীয় সংসদ সদস্য, ৬৪ সিরাজগঞ্জ-৩। |
| ৪. | **অধ্যাপক মুহাম্মদ রফিকুল আলম**, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ৫. | **অধ্যাপক মো: জাহিদ হোসেন,** প্রো-ভাইস চ্যান্সেলর (গবেষণা ও উন্নয়ন), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ৬. | **অধ্যাপক একেএম মোশাররফ হোসেন,** প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ৭. | **অধ্যাপক মোহাম্মদ আতিকুর রহমান,** কোষাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ৮. | **অধ্যাপক ছয়েফ উদ্দিন আহমেদ,** ডীন, সার্জারি অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ৯. | **অধ্যাপক মো: আলী আসগর মোড়ল**, ডীন, ডেন্টাল অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ১০. | **অধ্যাপক মোহাম্মদ হোসেন,** ডীন, নার্সিং অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ১১. | **অধ্যাপক এ এইচ এম জহুরুল হক**, নাক, কান ও গলা বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ১২. | **ডা. সাদিয়া শারমিন,** সহযোগী অধ্যাপক, অনকোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ১৩. | **ডা. হৃদয় রঞ্জন**, সহকারী অধ্যাপক, কার্ডিয়াক সার্জারি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। |
| ১৪. | **অধ্যাপক ডা. কাজী শহীদুল আলম**, বাসা নং- ২২/বি, রোড নং- ৩২, ফ্লাট নং-৪/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা |
| ১৫. | **অধ্যাপক এম ইকবাল আর্সলান,** সেক্টর- ০৫, রোড নং-৪, বাড়ী নং- ৩৬, উত্তরা, ঢাকা |
| ১৬. | **অধ্যাপক মো: জুলফিকার রহমান খান,** চেয়ারম্যান, হেপাটোবিলিয়ারি, পেনক্রিয়েটিক এন্ড লিভার ট্রান্সপ্লান্ট সার্জারি বিভাগ, বিএসএমএমইউ, ঢাকা। |
| ১৭. | **জনাব মো: শাহ আলম**, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ১৮. | **জনাব মো: বেলায়েত হোসেন তালুকদার,** অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ১৯. | **জনাব মোল্লা জালাল**, সভাপতি, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিষ্ট (বিএফইউজে), ঢাকা। |
| ২০. | **ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন,** সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ), বিএমএ ভবন, ঢাকা। |
| ২১. | **অধ্যাপক কাজী দীন মোহাম্মদ**, সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস (বিসিপিএস), ঢাকা। |
| ২২. | **অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা**, সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি), ঢাকা। |

**সভায় নিম্নরূপ কর্মকর্তাবৃন্দ আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেনঃ**

১. **অধ্যাপক মো: হাবিবুর রহমান,** প্রক্টর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

২. **জনাব মো: ইফতেখার আলম,** পরীক্ষা নিয়ন্ত্রক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

৩. **জনাব মো: আবদুস সোবহান,** পরিচালক (অর্থ ও হিসাব), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

১০,৫০,০০০/- (দশ লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকা, ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা এবং ১,২৬,০০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার) টাকায় নির্ধারণ করা হয়।

তাঁদের আয়কর সংক্রান্ত জটিলতা দেখা দেওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত এবং আয়কর কর্তৃপক্ষের সাথে আলোচনা স্বাপেক্ষে ৩০% আয়করসহ যথাক্রমে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা, ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা বেতন হার পূনঃ নির্ধারণ করার সুপারিশ প্রসঙ্গে।

**সিন্ডিকেট আলোচনা**

সম্মানিত সদস্য অধ্যাপক এম ইকবাল আর্সলান এবং অধ্যাপক আ.ফ.ম রুহুল হক শিশু কার্ডিওলজি বিভাগে এই বিশেষজ্ঞ চিকিৎসকগণ কতদিন কাজ করছে এবং তাঁরা কি পরিমান রোগীর চিকিৎসা সেবা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে সে সম্পর্কে জানতে চান। অধ্যাপক মো: জাহিদ হোসেন সম্মানিত সদস্যগণের অবহিত করার লক্ষ্যে এই বিষয়ের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। মাননীয় ভাইস চ্যান্সেলর সকলের অবগতির জন্য বলেন, শিশু কার্ডিওলজিতে বিদেশী চিকিৎসকদের কার্যক্রমের বিবরণ আগামী সভায় সকল সম্মানিত সদস্যগণকে অবহিত করা হবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত

শিশু কার্ডিয়াক সার্জারী বিশেষজ্ঞ ডাঃ গাউস এজাজ আহমেদ শরীফ- কে কনসালটেন্ট পেডিয়াট্রিক কার্ডিয়াক সার্জারী, রেশমা আন্নি শিবু-কে পডিয়াট্রিক ক্লিনিক্যাল পারফিউশনিষ্ট এবং রিয়োনি মাহিবান-কে পেডিয়াট্রিক কার্ডিয়াক ওটি/আইসিইউ নার্স হিসাবে কার্ডিয়াক সার্জারী বিভাগে ০২ (দুই) বছরের জন্য ৩০% আয়করসহ বেতন বাবদ যথাক্রমে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা, ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা পূনঃ নির্ধারণের সুপারিশ অনুমোদন করা হ'ল।

## সিন্ডি.৮২.৮. আলোচ্যসূচী

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যদের জন্য ''চিকিৎসা নীতিমালা ২০২১'' অনুমোদন।

**আলোচনা**

অধ্যাপক এম ইকবাল আর্সলান, অধ্যাপক কাজী দীন মোহাম্মদ, অধ্যাপক মো: আব্দুল আজিজ, অধ্যাপক আ.ফ.ম রুহুল হক প্রমুখ সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যদের জন্য ''চিকিৎসা নীতিমালা ২০২১'' এর উপর আলোচনায় অংশগ্রহণ পূর্বক বলেন, এই নীতিমালাটি প্রণয়নের পেছনে সংশ্লিষ্ট কমিটির সম্মানিত সদস্যগণ সহ অন্যান্য যেসব ব্যক্তি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাঁদের নাম লিপিবদ্ধ করার প্রস্তাব করেন। মাননীয় ভাইস চ্যান্সেলর সকলের অবগতির জন্য বলেন, চিকিৎসা নীতিমালা- ২০২১ প্রণয়নের পেছনে যারা অবদান রেখেছেন তাঁদের নাম নীতিমালায় উল্লেখ করা হবে।

**সিদ্ধান্ত**

ক. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যদের জন্য ''চিকিৎসা নীতিমালা ২০২১'' (**পরিশিষ্ট-০২**) অনুমোদন করা হলো।

খ. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যদের জন্য ''চিকিৎসা নীতিমালা ২০২১'' প্রণয়নের পেছনে যারা অবদান রেখেছেন তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের জন্য নীতিমালায় তাঁদের নাম উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

## সিন্ডি.৮২.৯. আলোচ্যসূচী

২৫/৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৫৭তম সভা এবং ১৯/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সুপারিশক্রমে ইনস্পেকশন রিপোর্ট রিভিউ কমিটি (আইআরআরসি) এর গত ১৩/৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৪ তম সভা ও গত ৩১/৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৫ তম সভার অবশিষ্ট রিপোর্ট অনুমোদন।

**সিদ্ধান্ত**

২৫/৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৫৭তম সভা এবং ১৯/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৫৮তম সভার সুপারিশক্রমে ইনস্পেকশন রিপোর্ট রিভিউ কমিটি (আইআরআরসি) এর গত ১৩/৫/২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৪ তম সভা ও গত ৩১/৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত ২৫ তম সভার অবশিষ্ট রিপোর্ট অনুমোদন করা হলো।

cwikó-

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
BangabandhuSheikhMujibMedicalUniversity
শাহবাগ, ঢাকা- ১০০০।

# "চিকিৎসা নীতিমালা-২০২১"

১) **নামকরণ ঃ** এই নীতিমালা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগনের জন্য চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত "চিকিৎসা নীতিমালা-২০২১" নামে অভিহিত হবে।

২) **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায়-

(ক) **"বিশ্ববিদ্যালয়"** অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়;

(খ) **"হাসপাতাল"** অর্থ বিশ্ববিদ্যালয় এর সংযুক্ত হাসপাতাল;

(গ) **"কর্তৃপক্ষ"** অর্থ এই বিশ্ববিদ্যালয় এর আইন দ্বারা নির্ধারিত বিশ্ববিদ্যালয়ের কোন কর্তৃপক্ষ;

(ঘ) **"আইন"** অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন'১৯৯৮;

(ঙ) **"সিন্ডিকেট"** অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট;

(চ) **"অর্থ কমিটি"** অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অর্থ কমিটি;

(ছ) **"হেলথ্ কার্ড"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত চিকিৎসা সংক্রান্ত নির্ধারিত কার্ড/চিকিৎসা সেবা বই;

(জ) **"শিক্ষক"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত সকল শিক্ষক;

(ঝ) **"চিকিৎসক"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত সকল চিকিৎসক;

(ঞ) **"কর্মকর্তা"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত সকল কর্মকর্তা;

(ট) **"ছাত্রছাত্রী"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রী;

(ঠ) **"নার্স"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত সকল নার্স;

(ড) **"কর্মচারী"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত সকল কর্মচারী;

(ঢ) **"পোষ্য"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীগণের স্বামী/স্ত্রী, সন্তান (বয়স ৩০বছর পর্যন্ত), পিতা ও মাতা;

(ণ) **"চিকিৎসা সেবা বই"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণের চিকিৎসা সেবায় ব্যবহৃত সকল তথ্য সম্বলিত বই;

(ত) **"Mortuary"** অর্থ এই বিশ্ববিদ্যালয়ে মৃতদেহ (Dead Body) সংরক্ষিতরাখার ফ্রিজ/স্থান;

(থ) **"মেডিসিন স্টোর"** অর্থ এই বিশ্ববিদ্যালয় এর"মেডিসিন স্টোর";

৩) এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণের প্রত্যেকের জন্য ১০০/- (একশত) টাকার বিনিময়ে রেজিস্ট্রেশন নাম্বার যুক্ত (দুইশত পৃষ্ঠার) একটি হেলথ্ কার্ড/চিকিৎসা সেবা বই প্রদান করা হবে। উক্ত হেলথ্ কার্ড এর মেয়াদ উর্ত্তীণ হলে/হারিয়ে গেলে পুনরায় কার্ড ইস্যু করতে হবে।

৪) চিকিৎসা সংক্রান্ত সকল তথ্যাদি "চিকিৎসা সেবা বই" এ লিপিবদ্ধ থাকবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির পরিচিতি সংক্রান্ত সকল তথ্যাদি রেজিস্ট্রার কর্তৃক প্রত্যায়িত হতে হবে। পোষ্যগণের জন্য আলাদা আলাদা চিকিৎসা সেবা বই ব্যবহার করতে হবে।

৫) চিকিৎসা সেবা গ্রহণের জন্য এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণকে প্রদত্ত "হেলথ্ কার্ড/চিকিৎসা সেবা বই" প্রদর্শন পূর্বক চিকিৎসা সেবা গ্রহন করতে হবে।

৬) এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল নিয়মিত ছাত্রছাত্রী (তাদের পোষ্যগণ ব্যতিত) কোর্সে অধ্যয়ন কালীন সময়ের
জন্য এই "হেলথ্ কার্ড/চিকিৎসা সেবা বই" এর আওতাভুক্ত থাকবেন।

৭) "হেলথ্ কার্ড/চিকিৎসা সেবা বই" এ এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যগনের সংক্ষিপ্ত পরিচয় যেমনঃ নাম, পদবী, অফিস/বিভাগ/শাখা/সেল, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, আইডি নম্বর, জন্ম তারিখ, বিশ্ববিদ্যালয়ে যোগদানের তারিখ, কার্ড ইস্যুর তারিখ, বয়স, সম্পর্ক, এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বর, টেলিফোন নম্বর, অবসর গ্রহণের তারিখ, হেলথ্ কার্ডের নিয়মাবলী/নির্দেশনাবলী/কর্তৃপক্ষের অনুমোদিত স্বাক্ষর/সীল ও ছবি সম্বলিত বৃত্তান্ত সংরক্ষিত থাকবে। পাশাপাশি এসংক্রান্ত সকল তথ্য ডাটা এন্ট্রির মাধ্যমে সংরক্ষিত থাকবে, যাতে অনলাইনে যাবতীয় সকল তথ্যাদি যাচাই বাছাই করা যায়।

৮) "হেলথ্ কার্ড/চিকিৎসা সেবা বই" এরআওতাভুক্ত এই বিশ্ববিদ্যালয়েস্থায়ী/নিয়মিত পদের
বিপরীতে কর্মরতদের এবং তাদের পোষ্যগনের চিকিৎসা নীতিমালার আওতায় সকল ধরণের Consultation সুবিধা দেয়া হবে।

৯) এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী এবং তাদের পোষ্যগনের চিকিৎসা সেবা প্রদানের জন্য ল্যাবরেটরী সার্ভিস ও টেস্ট সংশ্লিষ্ট বিভাগ (আইসিইউ, সিসিইউ ও কিডনি ল্যাবইত্যাদি) সমূহের ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (প্রতি পরীক্ষা) পর্যন্ত সকল পরীক্ষা/নিরীক্ষা বিনামূল্যে এবং ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা(প্রতি পরীক্ষা) এর উপরের সকল পরীক্ষা/নিরীক্ষা ৫০% মূল্য পরিশোধ করতে হবে। তবে, কোন কারনে পরীক্ষা/নিরীক্ষার মূল্য বৃদ্ধি পেলে, আনুপাতিক হারে প্রদেয় অর্থের পরিমানও বৃদ্ধি পাবে।

১০) এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণ কি ধরনের কেবিন/বেড পাবেন তা নির্দিষ্ট থাকবে এবং উক্ত কেবিন/বিছানায় অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।নির্ধারিত কেবিন/বিছানা খালি না থাকলে সমমানের অন্য কেবিন/ওয়ার্ডের বিছানা (ভাড়া/বিনা ভাড়া)-তে পোষ্যগণ ব্যাতিত বিনামূল্যে ভর্তি হতে পারবে। কিন্তু কেবিনের ক্ষেত্রে সমমানের কেবিন না থাকলে উচ্চমানের কেবিনের নির্ধারিত ভাড়া হতে প্রাপ্য কেবিনের ভাড়া বাদ দিয়ে অবশিষ্ট অর্থ পরিশোধ করে ভর্তির ব্যবস্থা করা হবে।

১১) বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স, কর্মচারী ও তাদের পোষ্যগণের জন্য নির্দিষ্ট করা নির্ধারিত কেবিন/বিছানার তালিকা নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১. | ভিসি/প্রো-ভিসি/কোষাধ্যক্ষ | ভিআইপি ডিলাক্স |
| ২. | অধ্যাপক/রেজিস্ট্রার/পরিচালক/সমমান | কেবিন নং-৫২১<br>(প্রতি কেবিনে ০১ জন) |
| ৩. | সহযোগী অধ্যাপক/অতিঃ রেজিঃ/ অতিঃ পরিচালক/উপ-রেজিঃ/উপ পরিচালক/সমমান | কেবিন নং-৫২২<br>(প্রতি কেবিনে ০১ জন) |
| ৪. | সহকারী অধ্যাপক/কনসালট্যান্ট/ সহকারী রেজিস্ট্রার/সহকারী পরিচালক/সমমান (৬ষ্ঠ-৭ম গ্রেডভুক্ত) | কেবিন নং-৫০৭, ৩১০<br>(প্রতি কেবিনে ০১ জন) |
| ৫. | প্রথম শ্রেনীর কর্মকর্তা/ছাত্রছাত্রী (৮ম-৯ম গ্রেডভুক্ত) | কেবিন নং- ৩০৯<br>(প্রতি কেবিনে ০১ জন) |
| ৬. | দ্বিতীয় শ্রেনী (১০ম গ্রেডভুক্ত) | কেবিন নং-৩০৮<br>(প্রতি কেবিনে ০২ জন) |
| ৭. | তৃতীয় শ্রেণি/চতুর্থ শ্রেনী (১১তম-২০তম গ্রেডভুক্ত) | স্টাফ সিক রুম |

১২) চিকিৎসা সেবা বইএর আওতাভুক্ত এই বিশ্ববিদ্যালয়ে স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীগণ আইসিইউ/সিসিইউ/এনআইসিইউ/এইচডিইউবিনা ভাড়ায়প্রাপ্য হবেন। তবে তাদের পোষ্যগণকে ৫০% ভাড়া প্রদান করতে হবে।

১৩) যে সকল চিকিৎসায় ইন্টারভেনশন প্রয়োজন হয় অথবা প্যাকেজের আওতাভূক্ত সে সকল ক্ষেত্রে ১০০,০০০/- (এক লক্ষ) টাকা (প্রতি প্যাকেজ) পর্যন্ত ফ্রি পাবেন। ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকারউপরের প্যাকেজের ক্ষেত্রে পরবর্তী ১,০০,০০০/- (এক লক্ষ মাত্র) টাকা পযর্ন্ত ৫০% এবং অবশিষ্ট মূল্যের ২৫% ফ্রি পবেন।

১৪) হেলথ্ কার্ডধারীগন এ্যানেসথেসিয়া চেকআপ চার্জসহ সবধরনের ওটি চার্জ এবং Stone Crash এর চার্জ সম্পূর্ণ ফ্রি পাবেন। তবে পোষ্যগণের ক্ষেত্রে ৫০% প্রদান করতে হবে। বিভিন্ন প্রকার সার্জারিতে প্রয়োজনে ব্যবহৃত যন্ত্রপাতি/ডিভাইস (যেমনঃ হার্টের রিং, চোখের লেন্স, অর্থোপেডিক/ল্যাপরোস্কপিক সার্জারি/ কার্ডিয়াক সার্জারি জেনারেল সার্জারী ইত্যাদিতে ব্যবহৃত যন্ত্রপাতি/ডিভাইস ও চক্ষু/ডেন্টাল চিকিৎসায় ব্যবহৃত বিভিন্ন ধরনের সরঞ্জামাদি ইত্যাদি) যেগুলো বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হয়না, সেগুলো হেলথ্ কার্ডের আওতা বহির্ভূত থাকবে।

১৫) কার্ডধারীগন এর মধ্যে পোষ্যগণব্যাতিত ব্যবস্থাপত্রে উল্লেখিত ঔষধ প্রাপ্যতা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের মেডিসিন স্টোর থেকে বিনামূল্যে সরবরাহ করা হবে।

১৬) এই বিশ্ববিদ্যালয়ের Mortuary তে মৃতদেহ রাখার জন্য যে ব্যয় হবে, তাহা হেলথ্ কার্ডের আওতাভুক্ত স্থায়ী/নিয়মিত পদের বিপরীতে কর্মরত শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীগনের জন্য বিনামূল্যে এবং তাঁদের পোষ্যগনের জন্য ৫০% মূল্য পরিশোধ করতে হবে।ভর্তি অবস্থায় মৃত্যুবরণ করলে এই বিশ্ববিদ্যালয়ের এম্বুলেন্স/পরিবহন (প্রাপ্তি সাপেক্ষে) এর মাধ্যমে মৃতদেহ বিনামূল্যে গন্তব্যে পৌছানোর ব্যবস্থা করা হবে।

১৭) কার্ডধারীগন আমৃত্যু এই সুবিধা পাবেন। তবে অবসরকালীন সময়ে শুধুমাত্র স্বামী/স্ত্রী ও পিতা মাতা ব্যতীত তাদের অন্য পোষ্যগণ এই চিকিৎসা সেবার আওতা বহির্ভূত থাকবেন।

১৮) বরখাস্তকৃত/চাকরীচ্যুত/সাজাপ্রাপ্ত/পদত্যাগকারী ও তাদের পোষ্যগণ এই চিকিৎসা সেবার আওতা বর্হিভূত থাকবে।

১৯) হেলথ্ কার্ডের আওতা বহির্ভূত যে কোন ধরণের চিকিৎসা সেবা প্রদান করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তইচুড়ান্ত বলে গণ্য হবে।

২০) নীতিমালা সংশোধন ঃ এই নীতিমালা সংশোধন, সংযোজন এবং কোন ধারা বাতিল করার ক্ষমতা সিন্ডিকেটের উপর ন্যাস্ত থাকবে। এতদ্ব্যতীত এই নীতিমালার যে কোন ধারার ব্যাখ্যার প্রয়োজন হলে সিন্ডিকেটের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

বি:দ্র: প্রবিধি-২ সংজ্ঞা এর "ঢ" উপ-প্রবিধিতে সন্তানের বয়স সীমা সিন্ডিকেট সভায় চুড়ান্ত করা যেতে পারে।

21.06.21

অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান
প্রক্টর ও সদস্য উক্ত কমিটি।
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

21.6.21

অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ
সভাপতি উক্ত কমিটি।
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।

২১/৬/২০২১

ডা. স্বপন কুমার তপাদার
অতিরিক্ত রেজিস্ট্রার
ও সদস্য-সচিব, উক্ত কমিটি।
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।